

নম্বর 202.51

নির্বাহী আদেশ

আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের (Executive Law) আর্টিকেল 2-B এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যে কোনো সংস্কার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা তার অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা বিলম্ব করায় বা এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার ক্ষেত্রে তা করার প্রয়োজন হলে, আমি এতদ্বারা এই কার্যনির্বাহী আদেশ 202.31 এর নির্দেশগুলি, যা পরবর্তী কোন নির্দেশ দ্বারা অতিক্রান্ত হয়নি, তা অব্যাহত রাখছি, এবং নির্বাহী আদেশ 202.41 এবং 202.42 এবং 202.43 এর দ্বারা আরোপিত কোন আইনের ও নির্দেশিকার স্বগিতকরণ এবং পরিবর্তনগুলি অব্যাহত রাখছি আরো ত্রিশ দিনের জন্য 12 আগস্ট 2020 অবধি, নিম্নলিখিত ব্যতিক্রমগুলি ব্যতিরেকে:

- নাসাউ কাউন্টি অ্যাডমিনিস্ট্রিটিভ কোডের (Nassau County Administrative Code) সেকশন 5-18.0(2) আর স্বগিত বা পরিবর্তিত নয়; এবং
- রিয়েল প্রপার্টি ট্যাক্স আইন (Real Property Tax Law) সেকশন 925-এ অনুযায়ী সুদ বা জরিমানা ছাড়া সম্পত্তি কর পরিশোধের মেয়াদ আর কার্যকর নয়।

উপরন্তু, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে শুরু করে 12 আগস্ট 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে বন্ধ বা পরিবর্তন করছি:

- শিক্ষা আইনের (Education Law) সেকশন 259 এর সাবডিভিশন 1 সেই পরিসর অবধি পরিবর্তন করা যা প্রয়োজন নিবন্ধিত পাবলিক বা ফ্রি অ্যাসোসিয়েশন লাইব্রেরি ফান্ডিং পিটিশনে প্রয়োজনীয় স্বাক্ষরের সংখ্যা কমিয়ে গভর্নরের জন্য গত নির্বাচনে তার পক্ষে মোট যত ভোট প্রদান করা হয়েছিল সেই মিউনিসিপালিটিতে শূন্য বা অকার্যকর ভোট বাদ দিয়ে, তার তিন ও তিন দশমাংশে নিয়ে আসার জন্য। নির্ধারিত নির্বাচনের অন্তত 30 দিন আগে সেই পিটিশনগুলি জমা দেওয়া হবে।
- যে কোন পাবলিক লাইব্রেরি জেলা বা বিশেষ গ্রন্থাগার জেলা নির্বাচনের জন্য মনোনয়নের আবেদন পত্র জমা দেওয়ার জন্য যে কোন রাজ্যের আইন, নিয়ম বা প্রবিধান সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যা প্রয়োজন 15 সেপ্টেম্বর 2020 তারিখে যে লাইব্রেরি ট্রাস্টি নির্বাচন অনুষ্ঠিত হবে বা পরের কোন তারিখে সেপ্টেম্বর 15 থেকে 31 ডিসেম্বর 2020 তারিখের মধ্যে যে নির্বাচন অনুষ্ঠিত হবে, তার ন্যূনতম সংখ্যার প্রয়োজনীয়তা শিক্ষা আইন বা সেই লাইব্রেরির বিধিবদ্ধ বিধান দ্বারা প্রদত্ত ন্যূনতম সংখ্যার সত্তর শতাংশের সমান করার জন্য। নির্ধারিত নির্বাচনের অন্তত 30 দিন আগে সেই পিটিশনগুলি জমা দেওয়া হবে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের জুলাই

মাসের ত্রয়োদশতম দিনে এটি প্রদান করা

হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব